

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নিয়ামতপুর, নওগাঁ।

স্মারক নং- ০৫.৪৩.৬৪৬৯.০০০.০১৮.০০৪.২২- ২৮৮

তারিখ : ২০/০৮/২২ খ্রিঃ।

বিষয় : খাদ্যবান্ধব কর্মসূচির ডিজিটাল ডাটাবেজ প্রণয়নের জন্য জরুরী ভিত্তিতে স্ব-স্ব ইউনিয়ন উদ্যোক্তাদের মাধ্যমে খাদ্যবান্ধব কর্মসূচির উপকারভোগীদের তথ্য যাচাই-বাচাই কার্যক্রম সম্পন্ন করার নির্দেশনা প্রদান।

সূত্র : খাদ্য অধিদপ্তর ঢাকার ২৩/০৬/২০২২ খ্রিঃ তারিখের ৫৪০/১(৪) নং স্মারক।


উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সারাদেশের ন্যায় অত্র নিয়ামতপুর উপজেলায় ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে খাদ্যবান্ধব কর্মসূচির ডিজিটাল ডাটাবেজ তৈরির কাজ শুরু হয়েছে। বাহাদুরপুর ইউনিয়ন ব্যতীত সকল ইউনিয়নে উদ্যোক্তাদের মাধ্যমে খাদ্যবান্ধব কর্মসূচির উপকারভোগীদের তথ্য যাচাই-বাচাই কার্যক্রম শুরু করা হয়েছে। আপনারা অবগত আছেন যে, আগামী সেপ্টেম্বর/২২ মাস থেকে সেপ্টেম্বর-নভেম্বর প্রান্তিকের খাদ্যবান্ধব কর্মসূচির চাল বিতরণ কার্যক্রম শুরু হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে খাদ্যবান্ধব কর্মসূচির উপকারভোগীদের তথ্য যাচাই-বাচাই কার্যক্রম সম্পন্ন করতে না পারলে বর্তমান সরকারের গুরুত্বপূর্ণ একটা কার্যক্রম ব্যাহত হবে যা আমাদের কারও কাম্য নয়। এছাড়াও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নিয়ামতপুর, নওগাঁর ২৬/০৭/২০২২ খ্রিঃ তারিখের ৯৩৭ নং স্মারকে সকল চেয়ারম্যানকে ০৭/০৮/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে জরুরী ভিত্তিতে স্ব-স্ব ইউনিয়ন উদ্যোক্তাদের মাধ্যমে খাদ্যবান্ধব কর্মসূচির উপকারভোগীদের জাতীয় পরিচয়, আনুষঙ্গিক তথ্যাদি ও ছবি যাচাই পূর্বক শুদ্ধ ডাটাবেজ তৈরির কাজ সম্পন্ন করার জন্য বলা হয়েছিল। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে বাহাদুরপুর ইউনিয়ন এখনও কাজ শুরু করেননি এবং কোন কোন ইউনিয়নের কাজ খুব ধীর গতিতে চলছে যা একেবারেই সন্তোষজনক নয়।

এমতাবস্থায় খাদ্যবান্ধব কর্মসূচির ডিজিটাল ডাটাবেজ প্রণয়নের জন্য আবারও আগামী ১৫/০৮/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে জরুরী ভিত্তিতে স্ব-স্ব ইউনিয়ন উদ্যোক্তাদের মাধ্যমে খাদ্যবান্ধব কর্মসূচির উপকারভোগীদের জাতীয় পরিচয়, আনুষঙ্গিক তথ্যাদি ও ছবি যাচাই পূর্বক শুদ্ধ ডাটাবেজ তৈরি করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এক্ষেত্রে কোন সমস্যার সম্মুখীন হলে উপজেলা খাদ্যবান্ধব কমিটির নিকট লিখিতভাবে জানানোর জন্য বলা হলো।

বিষয়টি অতীব জরুরী।

প্রাপক :

চেয়ারম্যান, ইউ.পি (সকল)
নিয়ামতপুর, নওগাঁ।



(মোঃ ফারুক সুফিয়ান)
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা খাদ্যবান্ধব কমিটি
নিয়ামতপুর, নওগাঁ।

ফোন-০২৫৮৮৮৮৬৮০১


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
নিয়ামতপুর, নওগাঁ।

স্মারক নং- ১৩.০১.৬৪৬৯.০৩৮.০০.০০০.২২- ৫২৮

তারিখ : ২০/০৮/২০২২ খ্রিঃ।

অনুলিপি : সদয় অবগতির জন্য :

- ০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৪৬, নওগাঁ-১।
- ০২। জেলা প্রশাসক, নওগাঁ।
- ০৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী।
- ০৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, নওগাঁ।
- ০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নিয়ামতপুর, নওগাঁ।
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার, নিয়ামতপুর, নওগাঁ।
- ০৭। উপজেলা কৃষি অফিসার, নিয়ামতপুর, নওগাঁ।
- ০৮। উপজেলা কর্মকর্তা, নিয়ামতপুর, নওগাঁ।
- ০৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, নিয়ামতপুর/ শিবপুর খাদ্য গুদাম, নিয়ামতপুর, নওগাঁ।
- ১০। জনাব উপ-সহঃ কৃষি কর্মকর্তা, নিয়ামতপুর, নওগাঁ।
- ১১। সচিব ইউনিয়ন পরিষদ, নিয়ামতপুর, নওগাঁ।
- ১২। জনাব ইউডিসি উদ্যোক্তা, ইউনিয়ন পরিষদ।
- ১৩। জনাব খাদ্য বান্ধব ডিলার, নিয়ামতপুর, নওগাঁ।
- ১৪। দপ্তর নথি।



(মোহাঃ পারভেজ আনোয়ার)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
নিয়ামতপুর, নওগাঁ।